



২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২৩.০৫.২০২১
সভার সময়	১০.৩০ টায়
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ১১ মে ২০২১ তারিখ এক ভার্চুয়ালি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনার গাইড লাইন অনুযায়ী প্রত্যেক দপ্তর/সংস্থাকে স্ব স্ব নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে ২৫ মে ২০২১ তারিখের মধ্যে প্রাথমিক খসড়া কর্মপরিকল্পনা এবং ১৫.০৬.২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত কর্মপরিকল্পনা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য বলা হয়। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রম এবং কর্মসম্পাদন সূচক নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

২.০ সিদ্ধান্ত :

- ক) ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রাথমিক খসড়া বিএমডির নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ২৫.০৫.২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- খ) কর্মপরিবেশ উন্নয়নের অংশ হিসেবে দুটি কার্যক্রম যথা: ১. বিএমডিতে ডে কেয়ার সেন্টার স্থাপন এবং নথি বিনষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়;
- গ) ১৫.০৬.২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে হার্ডকপি প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং
- ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ বিভাগে প্রেরণ করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(NAR)

মোঃ নুরুন্নবী

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.১৫৮

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮

২৩ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);

(N.N.G.)

মোঃ নুরুন্নবী

মহাপরিচালক